

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে কিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَنْ أُمِّ الْفَضْلِ بِنْتِ الْحَارِثِ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يقْرَأُ فِي الْمغرب ب (المرسلات عرفا)

বাংলা

৮৩২-[১১] উম্মুল ফাযল বিনতু হারিস (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাগরিবের সালাতে সূরাহ্ মুরসালাত তিলাওয়াত করতে শুনেছি। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৪৪২৯, মুসলিম ৪৬২, দারেমী ১৩৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উপরোক্ত হাদীস দু'টি দ্বারা বুঝা যায় যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন কোন বিশেষ সালাতের বিশেষ সূরাকে নির্দিষ্ট করে পড়েননি। বরং একই সালাতে বিভিন্ন সূরাহ্ পড়েছেন। তবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যে সূরাহ্ যে সালাতে অধিকাংশ সময় পড়েছেন। আমাদেরও সে সালাতে তা অধিকাংশ সময় পড়া উত্তম। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুক্তাদীর অবস্থার প্রতি লক্ষ্য রেখে কখনও ক্বিরাআত (কিরআত) দীর্ঘ করেছেন আবার কখনো সংক্ষিপ্ত করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন